দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 4 JUN 2003 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

## ৭ দফা আদায়ে ইবতিদায়ী শিক্ষক সমিতির কর্মসূচী

ইত্তেফাক রিপোর্ট ॥ স্বতন্ত্র ইবতিদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতি গতকাল মঙ্গলবার এক সাংবাদিক সম্মেলনে ৭ দফা দাবী আদায়ের লক্ষ্যে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করেছে। কর্মসূচী অনুযায়ী ১৭ জুন উপজেলাসমূহে শিক্ষক সমাবেশ, উপজেলা নির্বাহী অফিসারের নিকট স্মারকলিপি পেশ, ২৩ জুন জেলায় সমাবেশ ও জেলা প্রশাসককে স্মারকলিপি প্রদান এবং ২৯ জুন কেন্দ্রীয়ভাবে প্রতিনিধি সমাবেশ অনুষ্ঠিত হবে। শিক্ষক সমিতির কেন্দ্রীয় সদস্য সচিব মোঃ ইস্রাফিল হোসেন সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। কেন্দ্রীয় আহ্বায়ক আব সিদ্দিক মণ্ডল, যুগ্ম-আহ্বায়ক জাহেদুর রহমান প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।

দাবীসমূহ : ইবতিদায়ী মাদ্রাসাসমূহকে জাতীয়করণ, পূর্বে নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক-শিক্ষিকাকে বেতন-ভাতা প্রদান ইত্যাদি।